Department of Education

ফেব্রুয়ারি ২০১৬

প্রিয় [Parent First Name Parent Last Name],

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ২০১৬-২০১৭ স্কুলবছরে আপনার কম্যুনিটিতে নতুন মিডল স্কুল খোলা হচ্ছে যেগুলোতে আপনার আবেদন করার সুযোগ রয়েছে। আপনার জন্য লভ্য নতুন স্কুল কর্মসূচিসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে সংযুক্ত ডিরেক্টরির পাতা(গুলো) দেখুন।

আপনি যদি একটি নতুন মিডল স্কুলে আবেদনে আগ্রহী হন, তাহলে অনুগ্রহ করে সংযুক্ত নিউ মিডল স্কুল অ্যাপ্লিকেশনটি পূরণ করে মঙ্গলবার ১ মার্চ ২০১৬ তারিখের মধ্যে আপনার এলেমেন্টারি স্কুলে পাঠিয়ে দিন।

২০১৬-২০১৭ স্কুলবছরে প্রতি বরোর স্কুলগুলি নতুন ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচি চালু করছে। এসব কর্মসূচিতে আবেদনের জন্য যোগ্য শিক্ষার্থীরা তাদের নিউ মিডল্ স্কুল অ্যাপ্লিকেশনে দেখতে পাবে। ডুয়াল ল্যাঙ্গুয়েজ কর্মসূচিগুলি দুটি ভাষায় কথন, শ্রবণ, পঠন এবং লিখনে উচ্চস্তরের ব্যুৎপত্তি অর্জনের লক্ষ্যে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের (ELLs) ইংরেজি ভাষায় দক্ষ শিক্ষার্থীদের সঙ্গে সমন্বিত করে।

আপনি যদি একটি নতুন মিডল স্কুলে আবেদনে আগ্রহী <u>না</u> হন, তাহলে আপনার নিউ মিডল স্কুল অ্যাপ্লিকেশন পূরণ করার প্রয়োজন নেই। নতুন স্কুলের আবেদনটি নভেম্বরে আপনার পূরণকৃত মূল রাউন্ডের আবেদন থেকে আলাদা। আপনি যদি নতুন স্কুলের আবেদন প্রক্রিয়ায় অংশ নেন, তাহলে আপনি এপ্রিল মাসে মূল আবেদনের মানানসই স্কুলের পাশাপাশি মানানসই নতুন স্কুলে ভর্তি হওয়ার প্রস্তাবও পাবেন। আপনি তখন মানানসই নতুন স্কুল এবং মূল রাউন্ডের মানানসই স্কুলের মধ্যে একটি বেছে নিতে পারবেন। অনুগ্রহ করে মনে রাখবেন প্রত্যেক শিক্ষার্থীরই মিডল স্কুলে ভর্তির প্রস্তাবলাভের নিশ্চয়তা রয়েছে।

আপনার যদি মিডল স্কুলে ভর্তি প্রক্রিয়া বা নিউ মিডল স্কুলে আবেদন সম্পর্কে প্রশ্ন থাকে তাহলে আপনার এলেমেন্টারি স্কুলে যোগাযোগ করুন।

বিশ্বস্ত,

সারা ম্যাকফি
সিনিয়র ডিরেক্টর মিডল স্কুল অ্যাডমিশনস্
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট